গ্রন্থাগার বিজ্ঞান

পরিভাষা

বাংলা একাডেমী ঢাকা





একুশ আমাদের পরিচয়



গ্রন্থাগার বিজ্ঞান পরিভাষা

মুহম্মদ আবদুর রাজ্জাক

বাংলা একাডেমী ঃ ঢাকা

প্রথম প্রকাশ
শ্রাবণ ১৩৯২
আগস্ট ১৯৮৫

বা/এ : ১৬৮৬

মুদ্রণ ১২৫০ কপি

পাণ্ডুলিপি : সমাজবিজ্ঞান, আইন ও বাণিজ্য উপবিভাগ

প্রকাশক
মোহাম্মদ ইব্‌রাহিম
পরিচালক
পাঠ্যপুস্তক বিভাগ
বাংলা একাডেমী, ঢাকা

মুদ্রণে
ওবায়দুল ইসলাম
ব্যবস্থাপক
বাংলা একাডেমী প্রেস, ঢাকা

মূল্য : ২০.০০ টাকা

GRANTHAGAR BIJNAN PARIBHASHA (Terminology of Library Science), compiled by Md. Abdur Razzaque. Published by Bangla Academy, Dhaka, Bangladesh. Ist ed. August, 1985. Price: Taka 20.00 (2 US Dollar)

অমর একুশে বাংলা একাডেমীর নিবেদন : ১৯৮৬

নিবেদন

গ্রন্থাগার বিজ্ঞানের পরিভাষা প্রণয়ন করতে গিয়ে প্রথমেই আমাকে যে অসুবিধার সম্মুখীন হতে হয়েছে, তা হলো সংশ্লিষ্ট বিষয়ে সহায়ক গ্রন্থের অপ্রতুলতা। ইতিপূর্বে বাংলায় গ্রন্থাগার বিজ্ঞানের পরিভাষা প্রণীত হওয়া দূরের কথা, অদ্যাবধি সংশ্লিষ্ট বিষয়ে একটি উল্লেখযোগ্য সহায়ক গ্রন্থ পর্যন্ত প্রণীত হয় নি। সম্প্রতি মোহাম্মদ সা'দাত আলীর কয়েকটি গ্রন্থ প্রকাশিত হলেও সেগুলিতে বাংলা পরিভাষা সংযোজিত হয় নি। তাছাড়া তাঁর গ্রন্থগুলিতে বহু পারিভাষিক শব্দ ইংরেজিতেই রাখা হয়েছে। তথাপি মোহাম্মদ সা'দাত আলীর সংশ্লিষ্ট বিষয়ে গ্রন্থ রচনার উদ্যম প্রশংসার দাবি রাখে। আমি তাঁর গ্রন্থ এবং মাসিক বই পত্রিকায় ধারাবাহিক-ভাবে প্রকাশিত তাঁর লেখা 'ডিউই দশমিক বর্গীকরণ' থেকে কয়েকটি শব্দ গ্রহণ করেছি। তবে আমি আমার গ্রন্থাগার বিজ্ঞান পরিভাষার বেশীর ভাগ শব্দই চয়ন করেছি 'এনসাইক্লোপেডিয়া অব লাইব্রেরিয়ানশিপ' (২য় সংস্করণ—লণ্ডন, ১৯৬১) এবং রাজকুমার মুখোপাধ্যায় প্রণীত 'গ্রন্থাগার বিজ্ঞানের অভিধান' (কলকাতা, ১৯৬৩) গ্রন্থদ্বয় থেকে। প্রথমটি ইংরেজি গ্রন্থ। দ্বিতীয়টি বাংলা গ্রন্থ হলেও তাতে বাংলা পরিভাষা নেই; আছে শুধু ইংরেজি পারিভাষিক শব্দগুলির অর্থ-ব্যাখ্যা। উল্লিখিত গ্রন্থাবলী ছাড়া আরো কয়েকটি গ্রন্থ থেকে আমাকে শব্দ চয়ন করতে হয়েছে। তন্মধ্যে উল্লেখযোগ্য হলো বাংলা একাডেমী থেকে প্রকাশিত এবং বন্ধুবর বশীর আল-হেলালের তত্ত্বাবধানে প্রণীত 'প্রশাসনিক পরিভাষা'। তবে বাংলা প্রতিশব্দ চয়নের ক্ষেত্রে আমাকে সতর্ক হতে হয়েছে। গ্রন্থাগার বিজ্ঞানের সঙ্গে সংশ্লিষ্ট যেসব বাংলা পারিভাষিক শব্দ বর্তমানে কোথাও কোথাও ব্যবহৃত হচ্ছে, সেগুলিকে আমি সরাসরি গ্রহণ করি নি। কারণ একই শব্দ ভিন্ন ভিন্ন ক্ষেত্রে ব্যবহৃত হয়ে ভিন্ন ভিন্ন তৎপর্য প্রকাশ করে থাকে। উদাহরণস্বরূপ catalogue ও entry শব্দ দু'টির কথা উল্লেখ করা যায়। এ শব্দ দু'টির বহুল প্রচলিত বাংলা প্রতিশব্দ হলো যথাক্রমে 'তালিকা' এবং 'লিখন' বা 'ভুক্তি'; কিন্তু আমি এ দু'টি শব্দের জন্য বাংলা প্রতিশব্দ চয়ন করেছি এভাবে—

catalogue—সূচী, গ্রন্থসূচী; তালিকা [প্রয়োগ: library catalogue—গ্রন্থাগার সূচী। publisher's catalogue—প্রকাশকের তালিকা]

entry—সংলেখ ; ভুক্তি [প্রয়োগ : catalogue entry--সূচী সংলেখ। word entry— (অভিধানে) শব্দ ভুক্তি]

লক্ষণীয় যে, library catalogue ও publisher's catalogue এক কথা নয়। আবার catalogue entry ও অভিধানে word entry একই তাৎপর্য বহন করেনা। entry-র অন্যতম প্রতিশব্দ 'লিখন'-এর পরিবর্তে আমি 'সংলেখ' নির্বাচন করেছি। কারণ 'লিখন' শব্দটি খুবই সাধারণ; কোনো কিছু লেখাকেই লিখন বুঝায়।

এই পরিভাষায় ব্যবহৃত প্রতিটি যতি চিহ্নের পৃথক তাৎপর্য রয়েছে। কমা-চিহ্ন দিয়ে পৃথক-করা প্রতিশব্দগুলি সমার্থক ; এগুলির যে-কোন একটি একই ক্ষেত্রে প্রয়োগ করা চলবে। সেমিকোলন দিয়ে পৃথক করা প্রতিশব্দগুলি হুবহু সমার্থক নয়, প্রায় সমার্থক। ভিন্ন ক্ষেত্রে প্রয়োগের ফলে এগুলির তাৎপর্যে কিছুটা তারতম্য ঘটে ; তবে মূলের তাৎপর্য থেকে বেশী দূরে সরে যায় না। কিন্তু পূর্ণ যতি দিয়ে পৃথক-করা প্রতিশব্দ ভিন্ন অর্থে ব্যবহৃত হবে। নিম্নের উদাহরণ থেকে এসব যতি-চিহ্ন ব্যবহারের তাৎপর্য অনুধাবন করা যাবে—

bibliography--গ্রন্থপঞ্জি, গ্রন্থবিবরণী ; রচনাপঞ্জি। গ্রন্থবিজ্ঞান।

composition--রচনা। টাইপ-বিন্যাস। স্বরলিপি রচনা।

crysography---স্বর্ণাক্ষরে লিখন ; স্বর্ণাক্ষর হস্তলিপি ইত্যাদি।

ড্যাশ-চিহ্ন ও বক্র বা তীর্যক রেখার সাহায্যে শব্দভুক্তির কিংবা প্রতিশব্দের পুনরাবৃত্তি পরিহার করা হয়েছে। যেমন--

class mark, class notation-এর স্থলে লেখা হয়েছে class mark,–notation

folded book, folding book-এর স্থলে লেখা হয়েছে folded/folding book

tabula--'লেখার চাকতি,' 'লেখার পাটা'-এর স্থলে লেখা হয়েছে 'লেখার চাকতি/পাটা' ইত্যাদি।

অনেক শব্দের ক্ষেত্রে বাংলা প্রতিশব্দের আগে প্রথম বন্ধনীতে প্রয়োগের ক্ষেত্র নির্দেশ করা হয়েছে ; আবার কিছু সংখ্যক শব্দের ক্ষেত্রে বাংলা প্রতিশব্দের পরে তৃতীয় বন্ধনীতে শব্দটিকে সহজবোধ্য করার লক্ষ্যে ব্যাখ্যাসূচক বাক্যাংশ সংযোজন করা হয়েছে। যেমন---

alcove--(গ্রন্থাগারের) নিভৃত কক্ষ, একান্ত কক্ষ।

county library---(ব্রিটেনের) জেলা গ্রন্থাগার।

diptych—মোমাবৃত ফলক [লেখার প্রাচীন উপাদান] ইত্যাদি।

এই পরিভাষা প্রণয়নের কাজে হাত দেয়ার কিছুদিন পর গত ১লা মার্চ, ১৯৮৫ তারিখে আকস্মিকভাবে আমার এক সহোদর ভায়ের মৃত্যু হয়। ছোট ভায়ের এই অকাল মৃত্যু আমাকে শোকাকুল ও দুর্বল করে ফেলে। পরিবারের এই বিষাদাত্মক ঘটনা এবং সংশ্লিষ্ট বিষয়ে আমার অপর্যাপ্ত অভিজ্ঞতার কারণে পরিভাষা প্রণয়ণের কাজে অসম্পূর্ণতা ও অসঙ্গতি থাকা স্বাভাবিক। বিজ্ঞ ও সচেতন পাঠকদের কাছে এর ভুলত্রুটি, অসঙ্গতি কিংবা অসম্পূর্ণতা সহজেই ধরা পড়বে। আশা করি, তাঁরা আমার এই অক্ষমতাকে ক্ষমাসুন্দর দৃষ্টিতে দেখবেন এবং অসঙ্কোচে এ পরিভাষার ভুলত্রুটি ও অসম্পূর্ণতার প্রতি আমার দৃষ্টি আকর্ষণ করবেন। পরবর্তী সংস্করণে তাঁদের মূল্যবান উপদেশ ও গঠনমূলক প্রস্তাবের প্রতিফলন ঘটবে।

অতিরিক্ত ব্যস্ততার দরুণ শব্দ চয়নের সময় কিছু শব্দ বাদ পড়ায় এবং মুদ্রণের সময় অনবধানতাবশত কয়েকটি শব্দের মুদ্রণ-প্রমাদ ঘটায় পরিশিষ্টে কিছু শব্দ ও শুদ্ধিপত্র সংযোজন করা হলো। তাছাড়া ১২শ পৃষ্ঠার ২য় কলামের ২য় পঙ্‌ক্তিভুক্ত শব্দের যে বাংলা প্রতিশব্দ দেয়া হয়েছে, তা যথার্থ নয়। এখানে শব্দটি বাতিল বলে গণ্য হবে। পরিশিষ্টে যথার্থ বাংলা প্রতিশব্দসহ শব্দটি সংযোজিত হয়েছে। আর classer বা classifier এবং mnemonics-এর যে বাংলা প্রতিশব্দ দেয়া হয়েছে, তার সঙ্গে যথাক্রমে 'বর্গীকার' এবং 'স্মারক-সংখ্যা'ও যুক্ত হবে।

২২শে শ্রাবণ, ১৩৯২ মুহম্মদ আবদুর রাজ্জাক

A

A. A. Code (=Anglo-American Code) ই. মা. (সূচীকরণ) বিধি

abbreviated catalogne card সংক্ষিপ্ত সূচী কার্ড

aberrant copy ত্রুটিপূর্ণ বাঁধাই বই

abridged edition সংক্ষিপ্ত সংস্করণ

abridgement সংক্ষেপণ, সংক্ষিপ্তকরণ

absolute location (গ্রন্থের) অপরিবর্তনীয় অবস্থান

abstract সংক্ষিপ্ত সার

~ bulletin সার বুলেটিন

abstracting service সংক্ষেপণ কাজ

abstract journal,—periodical সার-সাময়িকী

abstraction (বর্গীকরণে) সমদলে বিভাজন

academy publication একাডেমী প্রকাশনা

access প্রবেশ ; প্রবেশাধিকার

accession পরিগ্রহণ

~ arrangement পরিগ্রহণ বিন্যাস

~ book পরিগ্রহণ-বহি

~ branch পরিগ্রহণ অধিশাখা

~ card পরিগ্রহণ-পত্র

~ date পরিগ্রহণ তারিখ

~ department,—division পরিগ্রহণ বিভাগ

~ method পরিগ্রহণ প্রণালী

~ number পরিগ্রহণ সংখ্যা

~ order পরিগ্রহণ বিন্যাস

~ record,—register পরিগ্রহণ বহি/খাতা

access to shelves গ্রন্থমঞ্চে প্রবেশাধিকার

accident (বর্গীকরণে) নৈমিত্তিক গুণ

acquisition (গ্রন্থাগারের সম্পদ) সংগ্রহ, আহরণ

~ assistant সংগ্রহ সহকারী

~ department সংগ্রহ বিভাগ

~ officer সংগ্রহ কর্মকর্তা

acoustics (গ্রন্থাগারে) শব্দ নিয়ন্ত্রণ ব্যবস্থা

adaptation অভিযোজন

added class entry (বর্গীকৃত সূচীতে) বাড়তি বর্গ-সংলেখ

~ copy বাড়তি সংখ্যা

~ edition বাড়তি/একাধিক সংস্করণ

~ entry বাড়তি সংলেখ ; সহায়ক সংলেখ

~ title-page বাড়তি আখ্যাপৃষ্ঠা

addendum (pl. addenda) পরিশিষ্ট

additions সংযোজন, যোগ

~ list সংযোজিত তালিকা

adjustable classification (যেমন ডাফ ব্রাউনকৃত) সমন্বয়যোগ্য বর্গীকরণ [পরিকল্প]

adjustable shelf সমন্বয়যোগ্য তাক

adult department (গ্রন্থাগারের) বয়স্ক বিভাগ

advance copy অগ্রিম সংখ্যা

aisle (গ্রন্থমঞ্চে) চলাচল পথ

ajoure binding আজুরে বাঁধাই

A. L. A. (=American Library Association) মা.গ্র.স. (=মার্কিন গ্রন্থাগার সমিতি)

~ Rule মা.গ্র.স. (সূচীকরণ) বিধি

alcove (গ্রন্থাগারে) নিভৃত কক্ষ, একান্ত কক্ষ

~ mark নিভৃত কক্ষ-চিহ্ন
allocation স্থান বিভাজন ; স্থাননির্দেশ
allonym (লেখকের) গুপ্ত নাম। জাল নাম
all rights reserved সর্বস্বত্ব সংরক্ষিত
'all through' filing বর্ণানুক্রমিক বিন্যাস
allusion book উল্লেখ-পুস্তক
almanac বার্ষিক তথ্য পঞ্জিকা
alphabetical subject catalogue বর্ণানুক্রমিক বিষয়-সূচী
~ subject index বর্ণানুক্রমিক বিষয় নির্ঘণ্ট
alphabetic catalogue বর্ণানুক্রমিক সূচী, অনুবর্ণ সূচী
~ notation অক্ষরভিত্তিক বর্গচিহ্ন
alphabetico-classed catalogue বর্ণানুক্রমিক-বর্গিত সূচী
alphabetization বর্ণানুক্রমণ, বর্ণানুক্রমিক বিন্যাস
alphadet mark (তলব সংখ্যায়) অক্ষর-চিহ্ন [লেখক ও গ্রন্থচিহ্ন]
alternative location (বর্গীকরণে প্রকার বিভাগ অনুযায়ী) গ্রন্থের বিকল্প অবস্থান
~ title বিকল্প আখ্যা
amalgamation of number (বর্গীকরণে) বর্গসংখ্যার সংমিশ্রণ
ambiguous title অনিশ্চিত আখ্যা ; অস্পষ্ট/সন্দিগ্ধ আখ্যা
Americana আমেরিকা বিষয়ক
American Library Association মার্কিন গ্রন্থাগার সমিতি
ampersand এবং [সংক্ষেপে &-এই চিহ্ন]
analysis বিশ্লেষণ
analytic/analytical বৈশ্লেষিক, বিশ্লিষ্ট
analytical bibliography বৈশ্লেষিক গ্রন্থবিজ্ঞান
~ entry বিশ্লিষ্ট সংলেখ
~ index বিশ্লিষ্ট নির্ঘণ্ট
~ method (বর্গীকরণে) বিশ্লিষ্ট প্রণালী
~ note বিশ্লিষ্ট টীকা
~ subject entry বিশ্লিষ্ট বিষয়-সংলেখ
analytico-synthetic classification বিশ্লেষণমূলক সংশ্লেষী বর্গীকরণ
anastatic printing ছবির হুবহু নকল
Anglo-American Code ইঙ্গ-মার্কিন (সূচীকরণ) বিধি
angular brackets কৌণিক বন্ধনী [< >]
annal বর্ষ-বিবরণী, বর্ষানুক্রমিক ঘটনাপঞ্জি
annalist বর্ষ-বিবরণী লেখক
annalistic arrangement (কোন লেখকের রচনাবলীর) বর্ষানুক্রমিক/কালানুক্রমিক বিন্যাস
anniversary issue (পত্রিকাদির) বার্ষিক সংখ্যা
annotation বর্ণনামূলক টীকা
annual বার্ষিকী
anonym অজ্ঞাত নাম ; অপ্রকাশিত নাম
anonymous অজ্ঞাতনামা ; বেনামী
~ classic অজ্ঞাতনামা ধ্রুপদী সাহিত্য
anopisthographic book এক পৃষ্ঠায় ছাপা বই
anterior numerical classes অগ্রবর্তী সংখ্যাবাচক বর্গ। সাধারণ জ্ঞানের বর্গ
anthology রচনা সঞ্চয়ন
antiqua (জার্মান ভাষায়) রোমীয় টাইপ
antiquarii (প্রাচীন কালের) লিপিকর, নকলনবিস
antique প্রাচীন নিদর্শন ; দুর্লভ অভিজ্ঞান
~ paper অ্যান্টিক কাগজ [পুরু হাল্কা কাগজ]
apocalypse রহস্য কাহিনী, রহস্যোদ্ঘাটনমূলক কাহিনী

apocryphal book সন্দিগ্ধ লেখকের বই ; অজ্ঞাতনামা লেখকের রচনা
apograph মূলের প্রতিলিপি, মূল পাণ্ডুলিপির প্রতিলিপি
appendix পরিশিষ্ট
applied bibliography ব্যবহারিক গ্রন্থবিজ্ঞান
Appraisal মূল্যায়ন
arabesque (বাঁধাইয়ের উপর) আরবীয় নকশা, মুরীয় অলঙ্কার
Arabic numerals আরবীয় সংখ্যা
archetypal novel আদি উপন্যাস ; উপন্যাসের আদিরূপ
archives আর্কাইভ, সরকারী দলিল পত্র। মোহাফেজ খানা, লেখ্যাগার
archivist আর্কাইভ সংরক্ষক ; মোহাফেজখানা রক্ষক, লেখ্যাগারিক
area number আঞ্চলিক বর্গসংখ্যা
armarian, armarius মঠ গ্রন্থাগার রক্ষক
arrangement বিন্যাস
array (বর্গীকরণে কোন বিষয়ের) রূপ বিন্যাস, প্রকার বিভাগের বিন্যাস
art canvas (বাঁধাইয়ের জন্য) হাল্কা মোটা কাপড়
~ craft নকল চামড়ার বাঁধাই
~ gallery চারুকলা গ্যালারি, শিল্পবীথিকা
artificial classification কৃত্রিম বর্গীকরণ, বহির্চরিত্রভিত্তিক বর্গীকরণ
artist চিত্রকর ; চিত্রশিল্পী, শিল্পী
art paper আর্ট কাগজ, মসৃণ কাগজ
artistic map শিল্পী-আঁকা মানচিত্র
art vellum হাল্কা বাঁধাই-কাপড়
as new প্রায় নতুন (গ্রন্থ)
Aslib (=Association of Special Libraries and Information Bureaux) আসলিব
Assistant Librarian সহ-গ্রন্থাগারিক
association book লেখকের স্বাক্ষরযুক্ত বই
~ library পরিমেল গ্রন্থাগার, সঙ্ঘ-পরিচালিত গ্রন্থাগার
asterisk তারকাচিহ্ন
asyndetic অসম্পর্কিত সূচী ; নির্দেশকহীন সূচী
atlas ভূচিত্রাবলী
attributed author আরোপিত লেখক
audio charging শ্রাব্য লেনদেন পদ্ধতি
~ visual aids শ্রাব্য-দার্শন শিক্ষোপকরণ
author লেখক, গ্রন্থকার
~ analytic লেখক বিশ্লেষণী
~ bibliography লেখক গ্রন্থপঞ্জি
~ card লেখক কার্ড
~ catalogue লেখক সূচী
~ entry লেখক সংলেখ
~ fulness লেখক নামের পূর্ণতা ; লেখকের পুরো নাম
~ heading লেখক শিরোনাম
~ indention (সূচীকার্ডে) লেখক সীমা, প্রথম সীমা
authorised edition (লেখক বা তাঁর স্বলাভিষিক্ত ব্যক্তির) অনুমোদিত সংস্করণ
authority entry অনুমোদিত সংলেখ
authority file,—list অনুমোদিত (শিরোনাম) তালিকা
author mark (তলব সংখ্যায়) লেখকচিহ্ন
~ number (তলব সংখ্যায়) লেখকসংখ্যা
~ -publisher লেখক-প্রকাশক [একই ব্যক্তি]
~ style (সূচীতে) লেখক শিরোনাম রীতি
autobiography আত্মজীবনী

autograph (লেখকের) স্বলিখিত পাণ্ডুলিপি। স্বাক্ষর
autographed edition (লেখকের) স্বাক্ষরযুক্ত সংস্করণ
autonym (লেখকের) যথার্থ নাম
auxiliary material (গ্রন্থের) সহায়ক উপাদান

B

back/backbone গ্রন্থপৃষ্ঠ, পুট
~ board বোর্ডের মলাট
~ file পুরনো পত্রিকার ফাইল
backing machine পুট তৈরির যন্ত্র
back margin (পৃষ্ঠার) বাঁধাই-সংলগ্ন উপান্ত/মার্জিন
~ number (পত্রিকার) পুরনো সংখ্যা, আগের সংখ্যা
Baconian classification বেকনকৃত বর্গীকরণ (পরিকল্প)
back title পুটে লেখা আখ্যা
~ up বাঁ পৃষ্ঠা মুদ্রণ
bands (বাঁধাইয়ে ব্যবহৃত) মোটা দড়ি/ফিতা
basic stock ভিত্তিক মজুত; প্রাথমিক মজুত
basil পাকা মেষচর্ম
bastard title সংক্ষিপ্ত আখ্যা
~ type অসম টাইপ
battered নষ্ট/অকেজো টাইপ
bay guide (গ্রন্থমঞ্চের) সারি-নির্দেশক
bed (মুদ্রাযন্ত্রে বিন্যস্ত টাইপ রাখার) গর্ভ
belles-letters রস সাহিত্য ; রম্য রচনা
belley টাইপের সম্মুখ দিক
Berne Convention (কপিরাইট সংক্রান্ত) বার্ন সম্মেলন
bespeaking book (সদস্যকে প্রদত্ত) প্রতিশ্রুত গ্রন্থ
best books প্রামাণ্য গ্রন্থ
~ seller সর্বাধিক কাটতি গ্রন্থ [অত্যধিক জনপ্রিয় গ্রন্থ]
bibelot অতি ক্ষুদ্রাকার গ্রন্থ
biblio গ্রন্থ, পুস্তক
bibliogenesis গ্রন্থোৎপাদন
bibliognost গ্রন্থবিজ্ঞানী
bibliographee গ্রন্থপঞ্জি-সংশ্লিষ্ট ব্যক্তি
bibliographer গ্রন্থ পঞ্জিকার; সূচিকার; গ্রন্থবিজ্ঞানী
bibliographical note গ্রন্থবিষয়ক টীকা, গ্রন্থ-টীকা
~ classification গ্রন্থ বর্গীকরণ
~ society গ্রন্থপঞ্জিকার সমিতি; গ্রন্থবিজ্ঞানী সমিতি
Bibliographic Classification (এইচ. ই. ব্লিস কৃত) গ্রন্থ বর্গীকরণ (পরিকল্প)
bibliography গ্রন্থপঞ্জি, গ্রন্থবিবরণী; রচনাপঞ্জি। গ্রন্থবিজ্ঞান
bibliolater গ্রন্থাসক্ত
bibliolatry গ্রন্থাসক্তি
bibliology গ্রন্থবর্ণনা বিদ্যা, গ্রন্থবিজ্ঞান
bibliomania গ্রন্থ-পাগলা, গ্রন্থবাতিক
bibliomaniac গ্রন্থ-পাগল ব্যক্তি, গ্রন্থবাতিকগ্রস্ত ব্যক্তি
bibliopegy গ্রন্থ বাঁধাই
bibliophile গ্রন্থ প্রেমিক, গ্রন্থপ্রিয় ব্যক্তি
bibliophobia গ্রন্থাতঙ্ক
bibliopole গ্রন্থব্যবসায়ী, দুষ্প্রাপ্য গ্রন্থ-ব্যবসায়ী
bibliotheca গ্রন্থাগার
bibliothecal গ্রন্থাগার সম্বন্ধীয়
bilingual দ্বিভাষিক
bi-monthly দ্বিমাসিক। অর্ধ-মাসিক
bin (পত্রিকা রাখার) পায়রা-খোপ
binder বাঁধাইকর, দপ্তরি। গ্রন্থাবরণ
binder's board বাঁধাই বোর্ড, শক্ত বোর্ড

~ date বাঁধাইয়ের তারিখ
~ ticket বাঁধাইকরের নাম ফলক
~ title বাঁধাইকর লিখিত আখ্যা, পুটস্থ আখ্যা
bindery বাঁধাইখানা
binding বাঁধাই
~ -book/ -record বাঁধাইয়ের হিসাব বহি, বাঁধাই বিবরণী
binding/binder's slip বাঁধাই-নির্দেশক পত্রী
bio-bibliography সচরিত রচনাপঞ্জি
bio-data জীবনবৃত্তান্ত
biographee জীবনী সংশ্লিষ্ট ব্যক্তি, চরিত-কর্তা
biographee entry চরিত-কর্তা সংলেখ
biographer জীবনীকার, চরিতকার
biographic, biographical জীবনী-সংক্রান্ত
biography জীবনী, জীবনচরিত, চরিতগ্রন্থ
bi-weekly দ্বি-সাপ্তাহিক
black face মোটা হরফ
'black' heading (বর্ণানুক্রমিক সূচীতে) 'কালো' শিরোনাম [কালো কালিতে লেখা শিরোনাম]
black letter (গথীয়) কালো টাইপ, গথীয় টাইপ
~ list কালো তালিকা
blank leaves (গ্রন্থ শেষে) ফাঁকা পাতা
blind blocking,—stamping (কালি-বিহীন) ধাতব ব্লকের ছাপ
blind reference (বর্ণানুক্রমিক সূচীতে) ফাঁকা নির্দেশ [অস্তিত্বহীন শিরো-নামান্তর নির্দেশ]
~ tooling রঙবিহীন নকশা
block ব্লক
~ accession ধারাবাহিক গ্রন্থমালার পরিগ্রহণ
~ book ব্লকে ছাপা গ্রন্থ, ব্লক-পুস্তক

~ print ব্লকে ছাপা
blueprint process প্রতিচিত্র মুদ্রণ পদ্ধতি
blurb (গ্রন্থাবরণে) প্রকাশকের প্রচারলিপি
B.N.B. (=British National Bibliography) ব্রি.জা.গ্র. (=ব্রিটিশ জাতীয় গ্রন্থপঞ্জি)
board বোর্ড, পিজবোর্ড ; মোটা কাগজ
Board of Library গ্রন্থাগার পর্ষদ
body type পাঠ্যবস্তু-মুদ্রণ টাইপ
bold face মোটা হরফ
book automobile গ্রন্থবাহী গাড়ি, গ্রন্থ-পরিবহণ
~ binding গ্রন্থ বাঁধাই
~ brace গ্রন্থ-ঠেকনা
~ card গ্রন্থ-পরিচয় পত্র
~ carrier গ্রন্থবাহক
~ case (ঢাকযুক্ত) গ্রন্থাধার, গ্রন্থকোষ
~ catalogue গ্রন্থাকার সূচী, (গ্রন্থাকারে) মুদ্রিত সূচী
~ classification গ্রন্থ বর্গীকরণ
~ collection গ্রন্থ-সংগ্রহ
~ conveyor গ্রন্থবাহক
~ end গ্রন্থ-ঠেকনা
~ fair গ্রন্থমেলা
~ hand প্রাচীন হস্তলিপি
~ hunter (দুষ্প্রাপ্য) গ্রন্থ-সন্ধানী
~ jacket গ্রন্থাবরণ, মলাটাবরণ
booklet পুস্তিকা, চটি বই
book lift গ্রন্থোত্তোলক যন্ত্র
~ list গ্রন্থতালিকা
~ mark (তলব সংখ্যায়) গ্রন্থচিহ্ন
~ meeting গ্রন্থ নির্বাচনী সভা
~ mobile গ্রন্থবাহী গাড়ি, গ্রন্থ-পরিবহণ
~ number (তলব সংখ্যায়) গ্রন্থাঙ্ক
~ paper গ্রন্থমুদ্রণ কাগজ
~ plate গ্রন্থপট, গ্রন্থফলক

~ pocket গ্রন্থ-পকেট
~ rack গ্রন্থাধার
~ record গ্রন্থ-নিবেশন
~ rest গ্রন্থধারক, গ্রন্থাবলম্বন
~ review গ্রন্থ সমালোচনা
~ selection গ্রন্থ নির্বাচন
~ selectien aids গ্রন্থ নির্বাচনী সহায়িকা
~ selection committee গ্রন্থ-নির্বাচনী কমিটি
~ sellers association গ্রন্থবিক্রেতা সমিতি
~ shrine গ্রন্থপেটিকা, গ্রন্থের বাক্স
~ size গ্রন্থের মাপ
~ slip গ্রন্থ-পরিচয়-পত্রী
~ stack গ্রন্থমঞ্চ
~ stamp গ্রন্থ মালিকানা ছাপ, গ্রন্থাধিকারীর ছাপ
~ stand গ্রন্থাবলম্বন
~ stock গ্রন্থ-সম্ভার, মজুত বই
~ store গ্রন্থভাণ্ডার, মঞ্চকক্ষ
~ support গ্রন্থাবলম্বন, গ্রন্থ-ঠেকনা
~ talk গ্রন্থবিষয়ক বক্তৃতা ; গ্রন্থালোচনা
~ trade journal গ্রন্থ-ব্যবসায় পত্রিকা
~ tray গ্রন্থবাহী ট্রে
~ trolley,—truck গ্রন্থবাহী ঠেলাগাড়ি
~ trough গ্রন্থ প্রদর্শনী তাক, ত্রিভুজাকৃতি তাক
~ van গ্রন্থবাহী গাড়ি
~ week গ্রন্থ-সপ্তাহ
~ worm গ্রন্থকীট ; গ্রোগ্রাসী পাঠক
border (গ্রন্থের বা পৃষ্ঠার) প্রান্ত অলঙ্কার
borrower গ্রহীতা, গ্রাহক
borrower's card গ্রাহক কার্ড
~ index গ্রহীতার নামসূচী
~ number গ্রাহক-সংখ্যা, সদস্য-সংখ্যা
~ register গ্রাহক-নিবন্ধ
~ ticket গ্রাহকের প্রবেশপত্র
boss (মলাটের) কোণাবরণ, কোণালঙ্কার
bound বাঁধাই
~ volume বাঁধাই গ্রন্থ
~ -withs (গ্রন্থ সমষ্টির) একত্রে বাঁধাই
bowdlerize (গ্রন্থ) পরিশোধন করা [অশ্লীল অংশ বাদ দেওয়া]
bracket বন্ধনী
~ shelf সংযোজিত তাক
~ stack সংযোজিত মঞ্চ
braille ব্রেই বর্ণমালা
branch librarian শাখা গ্রন্থাগারিক
~ library শাখা গ্রন্থাগার
brevity (বর্ণচিহ্নের) সংক্ষিপ্ততা
Britanica ব্রিটিশ বিষয়ক
British Council Library ব্রিটিশ কাউন্সিল গ্রন্থাগার
~ Museum Classification ব্রিটিশ মিউজিয়াম বর্গীকরণ (পরিকল্প)
~ National Bibliography ব্রিটিশ জাতীয় গ্রন্থপঞ্জি
~ ~ Book Centre ব্রিটিশ জাতীয় গ্রন্থকেন্দ্র
~ Union Catalogue of Periodicals ব্রিটিশ সাময়িকপত্রের যৌথ সূচী
broad classification স্থূল বর্গীকরণ
brochure ক্ষুদ্র পুস্তিকা
broken letter ভাঙা হরফ
~ order (মঞ্চ থেকে কিছু গ্রন্থের) ক্রমচ্যুতি, স্থানচ্যুতি, স্থানান্তরণ
Browne charging system ব্রাউন লেনদেন পদ্ধতি
Brown's classification ব্রাউনকৃত বর্গীকরণ (পরিকল্প)

browsing room হাল্কা পাঠকক্ষ, (গ্রন্থাগারের) সুসজ্জিত পাঠকক্ষ
brush-pen তুলি-কলম
Brussel's classification ব্রাসেল বর্গীকরণ [বিশ্বজনীন দশমিক বর্গীকরণ]
Brussels Expansion ব্রাসেল সম্প্রসারণ [বিশ্বজনীন দশমিক বর্গীকরণের সম্প্রসারণ]
buckrum মোটা বাঁধাই-কাপড়
bulletin বুলেটিন, জ্ঞাপনপত্র, এস্তেহার
bumper (গ্রন্থ বাঁধাইকালে) চাপ দেয়ার যন্ত্র
burnished edges (গ্রন্থ) পালিশ-করা ধার

C

calendar পঞ্জিকা
calendered paper মসৃণ কাগজ
call number, —mark তলব/ডাক-সংখ্যা, তলব/ডাকচিহ্ন
~ slip চাহিদা পত্র, গ্রন্থ-প্রার্থনা পত্র
calligraphy হস্তলিপি বিদ্যা ; সুন্দর হস্তলিপি
camisia (লিনেনের তৈরি) গ্রন্থাবরণ
cancel (গ্রন্থের) মুদ্রিত সংশোধনী পত্রী
cancellandum (গ্রন্থের) বাতিল অংশ
cancellans (গ্রন্থের) সংশোধিত অংশ
cancellation বাতিলকরণ
capsa বেলনাকার কৌটা [এতে প্রাচীন হাতে লেখা পাণ্ডুলিপি গুটিয়ে রাখা হতো]
caption ক্যাপশন, পরিচয়-নাম ; শিরোনাম
caption title অনুচ্ছেদ শীর্ষক ; পৃষ্ঠা শীর্ষক
carbon copy কার্বন প্রতিলিপি, অবিকল নকল
~ paper কার্বন কাগজ
card কার্ড, পত্র ; (গ্রন্থের) পরিচয়-পত্র
~ board পিজবোর্ড
~ cabinet সূচীকার্ডের দেরাজ
~ catalogue কার্ডসূচী
~ charging (গ্রন্থের) পরিচয় পত্র-ভিত্তিক লেনদেন
~ index কার্ড নির্ঘণ্ট
~ number (মুদ্রিত) সূচীকার্ড সংখ্যা
~ tray কার্ড ট্রে, কার্ড আধার
caret তোলা-চিহ্ন, কাকপদ [^ এরূপ চিহ্ন]
Carnegie library কার্নেগী গ্রন্থাগার
~ medal কার্নেগী পদক
carolingian শার্লমেন হস্তলিপি
carrel ক্ষুদ্র পাঠকক্ষ [একজনের বসার উপযোগী]
cartographer মানচিত্রকর
~ entry মানচিত্রকর সংলেখ
cartography মানচিত্রাঙ্কন বিদ্যা
cartrige paper কার্টরিজ কাগজ
case গ্রন্থকোষ, খোপ। গ্রন্থাবরণ। আধার, টাইপ আধার
cast-off (মুদ্রিতব্য গ্রন্থের) পরিমাণ নির্ধারণ
~ -up রচনার ব্যয়-নির্ধারণ
catalogue সূচী, গ্রন্থসূচী ; তালিকা
~ card সূচীকার্ড, তালিকাপত্র
~ code সূচী বিধি
~ drawer কার্ডসূচীর দেরাজ
cataloguer সূচীকার ; তালিকাকার
catalogue slip সূচী-পত্রী
~ tray সূচী ট্রে, সূচী-আধার
cataloguing সূচী প্রণয়ন, সূচীকরণ ; তালিকাকরণ
~ department সূচীকরণ বিভাগ
catch letters (অভিধানাদির পৃষ্ঠাশীর্ষে) নির্দেশক শব্দ ; খেই, সূত্র

~ stich যুক্ত সেলাই
catchword সূত্র নির্দেশক শব্দ, (পৃষ্ঠার) পাদসূত্র, পৃষ্ঠান্তর খেই; (সূচীতে বা নির্ঘণ্টে) সূচক শব্দ
~ entry অর্থবোধক শব্দ-সংলেখ
~ title অর্থবোধক শব্দ-আখ্যা
central catalogue কেন্দ্রীয় সূচী
centralised cataloguing কেন্দ্রিত সূচীকরণ
~ registration কেন্দ্রিত নিবন্ধন
central library কেন্দ্রীয় গ্রন্থাগার
Central Public Libray কেন্দ্রীয় গণ-গ্রন্থাগার
chain (বর্গীকরণে) সম্বন্ধযুক্ত বিভাগ পরম্পরা
~ indexing (বর্গীকরণে) অবিরোহী বিষয় বিন্যাস
changed name পরিবর্তিত নাম
~ title পরিবর্তিত আখ্যা
chap book সস্তা জনপ্রিয় গ্রন্থ
chapter পরিচ্ছেদ
~ heading পরিচ্ছেদ শীর্ষক, পরিচ্ছেদ শিরোনাম
characteristics (বর্গীকরণে) বিভাগ বৈশিষ্ট্য, বিভাগের বিশেষ লক্ষণ
charge (গ্রন্থের) লেনদেন নিবেশন, লেন-দেন হিসাব
~ slip লেনদেন পত্রী
charging department লেনদেন বিভাগ
~ desk লেনদেন টেবিল
~ machine লেনদেন নিবেশন যন্ত্র
~ method,—system লেনদেন পদ্ধতি
chart তথ্য-তালিকা, তথ্যসম্বলিত ছক। চিত্রলিপি
chartarii (প্রাচীন যুগের) কাগজের ব্যবসায়ী
charter সনদ
chase বিন্যস্ত টাইপাধার, (টাইপ রাখার) আয়তাকার পাত্র
cheap edition সুলভ সংস্করণ
check list ঈক্ষা-তালিকা
chiaroscuro আলোছায়া; আলোছায়া-যুক্ত ছবি
children's department (গ্রন্থাগারে) শিশু বিভাগ
~ library শিশু গ্রন্থাগার
chaina/chainese paper চীনা কাগজ
chrestomathy (বিদেশী ভাষার) সটীক রচনা সঙ্কলন
chromolithography রঙিন লিথো-মুদ্রণ শিল্প
chronicles কালানুক্রমিক ঘটনাপঞ্জি
chronogram (রোমীয় সংখ্যায়) কাল নিরূপক বাক্য: কাল নিরূপক রোমীয় সংখ্যা
chronological order কালানুক্রমিক বিন্যাস, কালানক্রম
~ division কালানুক্রমিক বিভাগ
chrysography স্বর্ণাক্ষরে লিখন; স্বর্ণাক্ষর হস্তলিপি
chute ঢালু গ্রন্থবাহক
circulating book নির্গম গ্রন্থ
~ library নির্গম গ্রন্থাগার
circulation নির্গমন। (পত্রিকার) প্রচার সংখ্যা, কাটতি
~ department নির্গমন বিভাগ
~ desk নির্গমন টেবিল
~ record নির্গমন বিবরণী
~ statistics নির্গমন পরিসংখ্যান
~ work নির্গমন কাজ
citation নজিরস্বরূপ উল্লেখ
clasp (গ্রন্থ বন্ধ করে রাখার) আঁকড়া
class বর্গ
classed catalogue বর্গিত সূচী
~ entry বর্গনামে সংলেখ

classer বর্গকারক
class heading বর্গ শিরোনাম
~ guide বর্গ-নির্দেশক
classical ধ্রুপদী, চিরায়ত
classics ধ্রুপদী/চিরায়ত সাহিত্য
classification বর্গীকরণ, বর্গবিভাগ
~ code বর্গীকরণ বিধি
classificationist বর্গীকরণ পরিকল্পক
classification mark বর্গচিহ্ন
~ number বর্গসংখ্যা
~ schedule বর্গীকরণ তফসিল/অনুসূচী
~ scheme বর্গীকরণ পরিকল্প
~ system বগীকরণ পদ্ধতি
~ table বর্গীকরণ তফসিল
classified catalogue বর্গিত সূচী
~ filing system বর্গিত বিন্যাস-পদ্ধতি
~ index বর্গিত নির্ঘণ্ট
~ list বর্গিত তালিকা
~ subject catalogue বর্গিত বিষয়-সূচী
~ subject index বর্গিত বিষয়-নির্ঘণ্ট
classifier বর্গকারক
class letter বর্গ-নির্দেশক বর্ণ
~ mark,—notation বর্গ-চিহ্ন
~ number বর্গ-সংখ্যা
clay tablet মৃত্তিকা-লিপি; কাদামাটির চাকতি
clipping ক্লিপিং, পত্রিকার কাটা অংশ
~ file ক্লিপিং আধার, ক্লিপিং ফাইল
close classification সূক্ষ্ম বর্গীকরণ
closed access অনবারিত প্রবেশাধিকার
~ entry সমাপ্ত সংলেখ, পূর্ণ সংলেখ
~ library অনবারিত গ্রন্থাগার
~ shelves,—stack অনবারিত গ্রন্থমঞ্চ
close matter ঘনবিন্যস্ত টাইপ
~ up (বিন্যস্ত টাইপের) ফাঁক কমানো [প্রুফে এর জন্য ⁀ এরূপ চিহ্ন ব্যবহৃত হয়]
cloth binding,—bound কাপড়ের বাঁধাই
coated paper মসৃণ কাগজ
co-author সহ-লেখক
cockle (অধিক আর্দ্রতা বা উষ্ণতায়) কুঞ্চিত মলাট
cock-up initial (পরিচ্ছেদের) উঁচু আদ্যক্ষর
code mark (গ্রন্থক্রয়ের) সাঙ্কেতিক চিহ্ন
codex কোডেক্স [মোমাবৃত ফলকে বা চামড়ায় লেখা পাণ্ডুলিপি]
codices কোডেক্সসমূহ
collating (গ্রন্থের) দোষত্রুটি পরীক্ষা; (একাধিক কপির) সংতুলন, তুলনামূলক বিচার। পাঠনির্ণয়
collation (গ্রন্থের) দৈহিক পরিচিতি
collected edition সংগৃহীত সংস্করণ
~ work সংগৃহীত রচনাবলী
collection রচনা সংগ্রহ
collective biography জীবনী সংগ্রহ
~ entries সামূহিক সংলেখ, সংলেখ-সমষ্টি
~ title সামূহিক আখ্যা, আখ্যা-সমষ্টি
college library মহাবিদ্যালয় গ্রন্থাগার
collocation (বর্গীকরণে) সন্নিবেশ। বিন্যাস
collotype কলোটাইপ ব্লক
colon কোলন : দ্বিবিন্দু চিহ্ন
~ abbreviations (লেখক নামের) কোলন-সংক্ষেপণ
~ classification কোলন বর্গীকরণ (পরিকল্প)
colophon প্রকাশক-পুষ্পিকা
~ date পুষ্পিকা-তারিখ
colour/coloured plate রঙিন প্লেট/ফলক

colour printing রঙিন ছাপা
column স্তম্ভ, কলাম
commentary ভাষ্য, ব্যাখ্যামূলক টীকা, সমালোচনামূলক টীকা
commercial library বাণিজ্যিক গ্রন্থাগার
common auxiliary sign সাধারণ সহায়ক চিহ্ন
common isolate (কোলন বর্গীকরণে) সাধারণ স্বতন্ত্র বর্গ
~ subdivision (বর্গীকরণে) সাধারণ উপবিভাগ, প্রকার বিভাগ
compend/compendium সংক্ষেপ, বস্তু-সংক্ষেপ
compilation সংকলন
compiler সংকলক
~ entry সংকলক সংলেখ
compose রচনা করা। টাইপ সাজানো। স্বরলিপি লেখা
composite author সংমিশ্র লেখক
~ book সংমিশ্র গ্রন্থ
~ volume সংমিশ্র খণ্ড
~ work সংমিশ্র রচনা
composition রচনা। টাইপ-বিন্যাস। স্বরলিপি রচনা
compositor টাইপ-যোজক, টাইপ-বিন্যাসক
compound name সংযুক্ত/যৌগিক নাম
~ subject heading সংযুক্ত বিষয়-শিরোনাম
comprehensive bibliography বিস্তৃত গ্রন্থপঞ্জি
concordance সটীক নির্ঘণ্ট/প্রসঙ্গসূচী
condensed type সরু টাইপ, ঘনবিন্যস্ত টাইপ
confer তুলনা করুন [সংক্ষেপে cf.]
conjoint authorship সম্মিলিত রচনাকর্ম
connotation গূঢ়ার্থ
~ classification গূঢ়ার্থক বর্গীকরণ

consolidated index একীকৃত নির্ঘণ্ট
contemporary binding মুদ্রণকালীন বাঁধাই
contents বিষয়বস্তু
~ note (সূচীকার্ডে) বিষয়বস্তু-সূচক টীকা
~ table বিষয়-তালিকা
continuation ধারাবাহিক রচনা, অনবচ্ছিন্ন রচনা
~ card (একই সংলেখের) পরিপূরক কার্ড
continuous pagination অনবচ্ছিন্ন /ধারাবাহিক পৃষ্ঠাঙ্ক
~ revision অনবচ্ছিন্ন সংশোধন, অবিরাম পুনরীক্ষণ
contour map বন্ধুরতা-নির্দেশক মানচিত্র
conventional name প্রচলিত নাম
~ title প্রচলিত আখ্যা : একইরূপ আখ্যা
co-operative book selection যৌথ গ্রন্থ-নির্বাচন
~ cataloguing যৌথ সূচীকরণ
co-ordinated classes সমগোত্রীয়/সম্বন্ধযুক্ত বর্গসমূহ
copy প্রতিলিপি, নকল। লিপি, পাণ্ডুলিপি। সংখ্যা, কপি
~ edit পাণ্ডুলিপি সম্পাদনা/পরীক্ষা
copyist লিপিকর, নকলনবিস
copy holder লিপি-ধারক
~ letter (তলবসংখ্যায়) কপি-নির্দেশক বর্ণ
~ number (তলবসংখ্যায়) কপি-নির্দেশক সংখ্যা, কপি সংখ্যা
copyright কপিরাইট, রচনাস্বত্ব
~ date কপিরাইট তারিখ, রচনাস্বত্বের তারিখ
~ notice (আখ্যাপত্রের উল্টোদিকে) স্বত্ব উল্লেখ

~ diposit কপিরাইট গ্রন্থাগারে জমা
~ library কপিরাইট গ্রন্থাগার
copy slip (সূচীর) প্রস্তুতি-পত্রী
cords (গ্রন্থ বাঁধাইয়ের) দড়ি
corners মলাটের কোণ [চামড়া বা ধাতুর]
corporate author নিগমবদ্ধ/প্রাতিষ্ঠানিক/সম্মিলিত লেখক, করপোরেট লেখক
~ entry নিগমবদ্ধ/প্রাতিষ্ঠানিক সংলেখ
~ name নিগমবদ্ধ/প্রাতিষ্ঠানিক নাম
corporation library সঙ্ঘ গ্রন্থাগার
corrected edition সংশোধিত সংস্করণ
correlation of properties (বর্গীকরণে) নানা পদের পারস্পরিক সম্বন্ধ
corrigendum শুদ্ধিপত্র [pl. corrigenda]
counter লেনদেন স্থান, কাউণ্টার। (টাইপের মধ্যে) ফাঁকা অংশ
county library (ব্রিটেনের) জেলা গ্রন্থাগার
cover মলাট
~ paper মলাট কাগজ
~ pocket মলাটের পকেট
~ title মলাট আখ্যা
crash অমসৃণ মলাট-কাগজ
critical annotation সমালোচনামূলক টীকা
criticism number (বর্গীকরণে) সমালোচনা সংখ্যা
critical bibliography তুলনামূলক/আলোচনামূলক গ্রন্থবিজ্ঞান
cross reference (বর্ণানুক্রমিক সূচীতে) প্রতি-নির্দেশ, শিরোনামান্তর নির্দেশ
crown paper ক্রাউন মাপের কাগজ
cryptograph সাঙ্কেতিক লিপি; গুপ্ত লিখন প্রণালী
cryptographer সাঙ্কেতিক লিপি লেখক/পাঠক
cryptographic সাঙ্কেতিক লিপি-সংক্রান্ত
cryptography সাঙ্কেতিক লিপি বিদ্যা; গুপ্ত লিখন বিদ্যা
cubook মঞ্চক্ষমতার হিসাব, মঞ্চের ধারণ ক্ষমতার হিসাব
cudmach (পুথি রাখার) অলঙ্কৃত বাক্স
cum licenticia/licencia/privilegio (কর্তৃপক্ষের নিকট থেকে) মুদ্রণের অধিকারপ্রাপ্ত
cumulated volume ক্রমপুঞ্জিত/একত্রিত সংখ্যা
~ index ক্রমপুঞ্জিত নির্ঘণ্ট
cuneiform writing কীলকাকতি/কীলকাকার হস্তলিপি
curator (যাদুঘরের) তত্ত্বাবধায়ক
curiosa অদ্ভুত বিষয়ক/কৌতূহলোদ্দীপক গ্রন্থ। অশ্লীল বই
cursive টানা লেখা
curves প্রথম বন্ধনী
custodian (গ্রন্থ প্রদর্শনীর) তত্ত্বাবধায়ক, অভিরক্ষক
cut (গ্রন্থের) ধার কাটা
~ edges (গ্রন্থের) মসৃণভাবে কাটা ধার
~ flush (গ্রন্থের) মলাটসহ কাটা ধার
~ -in-heading পার্শ্ব শিরোনাম
~ -in-index বৃদ্ধাঙ্গুষ্ঠ নির্দেশিকা, টিপসূচী
~ -in-letter পরিচ্ছেদের বড় আদ্যক্ষর
~ -in-note/cut-in-side note পার্শ্ব টীকা
cuts (যে কোন ধরনের) ছবির ব্লক
Cutter Author Mark/Cutter Mark (তলবসংখ্যায়) কাটার লেখক-চিহ্ন
cyclopaedia (বিষয়ভিত্তিক) কোষগ্রন্থ

D

dagger ছোরাচিহ্ন, ক্রুশ চিহ্ন [দ্বিতীয় নির্দেশক চিহ্ন]
daily দৈনিক, দৈনিক পত্রিকা
date card তারিখ-পত্রী
~ guide তারিখ নির্দেশক
~ label তারিখ লেবেল, তারিখ-পত্রী
~ number (বর্গীকরণে) বর্ষ সংখ্যা ; বর্ষাঙ্ক
~ of issue নির্গম তারিখ
~ of publication প্রকাশ তারিখ, প্রকাশকাল
~ record তারিখ নিবেশন, তারিখ লিপিবদ্ধকরণ
~ slip তারিখ-পত্রী
D.C. (=Decimal Classification) দ. ব. (=দশমিক বর্গীকরণ)
D.D.C. (=Dewey Decimal Classification) ডি. দ. ব. (=ডিউই দশমিক বর্গীকরণ)
deluxe binding শৌখিন বাঁধাই, চমৎকার বাঁধাই
~ edition শোভন সংস্করণ, রাজ সংস্করণ
dead matter মুদ্রণোত্তর টাইপ
decennial দশসালা
decimal classification দশমিক বর্গীকরণ
decorated cover অলঙ্কৃত মলাট
dedication উৎসর্গ-পত্র
~ date উৎসর্গ-পত্রের তারিখ
defamatory publication মানহানিকর রচনা
defaulter (গ্রন্থাদি ফেরৎ দানে) অনিয়মকারী ; খেলাপকারী
definite edition চূড়ান্ত সংস্করণ ; প্রামাণ্য সংস্করণ
delete বাদ দেওয়া, অবলোপ করা
deletion বাদ, অবলোপ
delivery desk নির্গম টেবিল
~ station জমা দেওয়ার স্থান
demonym রূপক নাম
demy ডিমাই মাপের কাগজ
departmental catalogue বিভাগীয় সূচী
~ library বিভাগীয় গ্রন্থাগার
deposit copy জমাকৃত বই ; আমানত গ্রন্থ
~ library আমানত গ্রন্থাগার
Deposit of Books Act (ভারতে) গ্রন্থ জমা আইন
depository library ন্যাসরক্ষক গ্রন্থাগার [কপিরাইট গ্রন্থাগার]
depth classification নিগূঢ় বর্গীকরণ
Dewey Decimal Classification ডিউই দশমিক বর্গীকরণ (পরিকল্প)
descriptive bibliography বর্ণনামূলক গ্রন্থবিজ্ঞান
~ cataloguing বর্ণনামূলক সূচীকরণ
destination slip গন্তব্যস্থল-নির্দেশক পত্রী
desired book (পাঠকের) ইপ্সিত গ্রন্থ
Detroit self charging system ডেট্রয়েট স্ব-লেনদেন পদ্ধতি
device পুষ্পিকা ; (প্রকাশকের/মুদ্রাকরের) পরিচয়-চিহ্ন
diacritical mark উচ্চারণ-চিহ্ন
diagram রেখাচিত্র, রেখাঙ্কিত ছক, নকশা
diary দিনলিপি, দিনপঞ্জি, রোজনামচা
dictionary catalogue অভিধান সূচী
die মোহর, খোদাই সীলমোহর
~ -stamping খোদাই সীলমোহরকরণ, খোদাই সীলমোহরে ছাপ দেওয়া
different/differentia (বর্গীকরণে) লক্ষণ

digest সার-সংগ্রহ, সার-সংকলন
digester ভাটি [কাগজের উপাদান সেদ্ধ করার পাত্র]
diplomatics (প্রাচীন দলিলপত্রের) পাঠোদ্ধার বিদ্যা
diptych মোমাবৃত ফলক [লেখার প্রাচীন উপাদান]
directory নির্দেশ-গ্রন্থ ; নামপঞ্জি
direct sub-division (বর্গীকরণে) প্রত্যক্ষ উপবিভাগ
dirty proof (ভুলের) সংশোধনীপূর্ণ প্রুফ
discard বাতিল বই
discharge খালাস, ঋণমুক্তি
discharging books বই খালাস করা/ ফেরৎ নেওয়া
display case প্রদর্শনী কোষ/বাক্স
~ rack প্রদর্শনী তাক
~ stand প্রদর্শনী আধার/মঞ্চ
~ type আকর্ষক টাইপ [শিরোনাম মুদ্রণের জন্য বড় ও মোটা টাইপ]
dissertation গবেষণা-প্রবন্ধ, গবেষণা-মূলক প্রবন্ধ
distribution মুদ্রণোত্তর টাইপ বিভাজন
district library জেলা গ্রন্থাগার
divided catalogue বিভক্ত (অনুবর্ণ) সূচী
'divide like' instruction (বর্গীকরণে) 'অনুরূপভাবে ভাগ করুন' নির্দেশনা
division বিভাগ ; (বর্গীকরণে) উপবর্গ
document দলিল
documentary দলিলী ; প্রামাণিক ; লেখ্যমূলক
~ reproduction দলিলী প্রতিলিপিকরণ ; লেখ্যবস্তুর প্রতিলিপি-করণ
documentation দলিল প্রক্রিয়াকরণ, (তথ্যাদির) ব্যবহারোপযোগীকরণ
dodger ক্ষুদ্র এস্তেহার
donation record দান-নিবেশন
dos-a-dos পিঠেপিঠি বাঁধাই (গ্রন্থদ্বয়)
double crown ডাবল ক্রাউন মাপের কাগজ
~ dagger যুগ্ম ছোরা চিহ্ন [তৃতীয় নির্দেশক চিহ্ন]
~ entry (একই গ্রন্থের) জোড়া সংলেখ ; একাধিক সংলেখ
~ faced shelf দ্বিমুখী তাক
~ plate জোড়পৃষ্ঠার ছবি
~ title page জোড়া আখ্যাপৃষ্ঠা
doubtful author সন্দিহান/অনিশ্চিত লেখক
drier (ছাপার) কালি-শোষক
drop letter (পরিচ্ছেদের) বড় আদ্যক্ষর
dropped letter (ছাপার সময়) স্থানচ্যুত টাইপ/মুদ্রাক্ষর
dry point (খোদাইয়ের জন্য) ছুঁচালো যন্ত্র
dummy (গ্রন্থের) প্রতিরূপ, নমুনা-কাঠামো, ডামি
duotone দু'রঙা হাফটোন মুদ্রণ ; দু'রঙা ছবি
duplicate copy অনুলিপি ; দ্বিতীয় প্রতিলিপি
duplicator machine প্রতিলিপিকর যন্ত্র, ডুপ্লিকেটর যন্ত্র
durability স্থায়িত্ব
dust cover,—jacket,—wrapper ধূলি-নিরোধক আবরণ ; মলাটাবরণ
dynamic map গতিনির্দেশক মানচিত্র

E

ed. (edited, editor ও edition-এর সংক্ষেপ) সম্পা ; সং.
edges গ্রন্থের ধার
edit, editing সম্পাদনা
edited সম্পাদিত

edition সংস্করণ; (কোন সংস্করণের) সমুদয় সংখ্যা
~ binding প্রকাশকের বাঁধাই
~ deluxe শৌখিন সংস্করণ, রাজ সংস্করণ
editio princeps (প্রাচীন পুথির) প্রথম মুদ্রিত সংস্করণ
editor সম্পাদক
~ reference (বর্ণানুক্রমিক সূচীতে) সম্পাদক-নির্দেশ
education for librarianship গ্রন্থাগার বৃত্তির জন্য শিক্ষা
e. g. (exempli gratia-র সংক্ষেপ) উদাহরণস্বরূপ
elephant folio বড় মাপের পাতা
elision mark বাদ চিহ্ন [যার প্রতীক তিন বিন্দু]
em (মুদ্রণে) এম্ [টাইপের ঘনত্ব, টাইপের একটি মাপ, ১২ পয়েন্ট]
emblem book প্রতীক গ্রন্থ ; রূপকাহিনী-মূলক গ্রন্থ
embossed মুদ্রাপিত ; বুটি-খচিত ; অলঙ্কৃত
~ book মুদ্রাপিত গ্রন্থ [উঁচু হরফে ছাপা গ্রন্থ]
embossing মুদ্রাপিত ছাপা ; উঁচু হরফে মুদ্রণ
embroidered binding নকশী বাঁধাই
en (মুদ্রণে) এন্ [অর্ধ-এম্]
enamel paper চকচকে/মসৃণ কাগজ
enchiridion ধর্মীয় সারগ্রন্থ
encyclopaedia বিশ্বকোষ
end matter পরিশিষ্ট
~ notes প্রান্ত টীকা, অন্ত্য টীকা
~ paper,—sheet মলাট-সংলগ্ন কাগজ
engraving উৎকিরণ, খোদন
enlarged edition পরিবর্ধিত সংস্করণ
entrance counter প্রবেশপথের কাউন্টার
entry সংলেখ ; ভুক্তি
~ word সংলেখ-শব্দ
enumerative method (বর্গীকরণে) বিশদ বর্ণনামূলক পদ্ধতি
ephemera ক্ষণস্থায়ী পাঠ্যবস্তু
ephemeris জ্যোতিষী (দিন) পত্রিকা
epigraph উৎকীর্ণ লিপি ; সংক্ষিপ্ত উদ্ধৃতি
epigraphy লিপি-উৎকিরণ বিদ্যা
epitome সংক্ষিপ্তসার
epitomist সংক্ষিপ্তসার রচয়িতা
erotica অশ্লীল গ্রন্থ
errata, erratum list শুদ্ধিপত্র
essay periodical প্রবন্ধ-সাময়িকী
etc. (et cetera-এর সংক্ষেপ) ইত্যাদি
ethnic numbers (বর্গীকরণে) ভাষাগত সংখ্যা ; জাতিগত সংখ্যা
evaluation মূল্যায়ন ; (সূচীতে) সমালোচনামূলক টীকা
even page জোড় পৃষ্ঠাঙ্ক ; (গ্রন্থের) বাঁ পৃষ্ঠা
evolutionary order বিবর্তনমূলক বিন্যাস
excerpts অবিকল উদ্ধৃতি, আক্ষরিক উদ্ধৃতি
exchange গ্রন্থ-বিনিময়
exempli gratia (সংক্ষেপে e.g.) উদাহরণস্বরূপ
exhibition case প্রদর্শনী কোষ/আধার
exit counter নির্গম পথের কাউন্টার
ex-libris বাতিল গ্রন্থ
Expansive Classification (কাটার প্রবর্তিত) সম্প্রসারণশীল বর্গীকরণ (পরিকল্প)
explanatory guide card ব্যাখ্যামূলক নির্দেশ-কার্ড
explicit (পুথি বা পুরনো গ্রন্থে) সমাপ্তিজ্ঞাপক বাক্য/উক্তি

exposure আলোকসম্পাত ; আলোক-সম্পাতের কাল
expurgated edition (গ্রন্থের) শোধিত সংস্করণ
extension (বর্গসংখ্যা) সম্প্রসারণ
~ card (একই সংলেখের) বর্ধিত কার্ড
external reader বহিরাগত/অ-সদস্য পাঠক
'extra' binding বিশেষ বাঁধাই ; অতি চমৎকার বাঁধাই
extract type ক্ষুদ্রতর বাঁকা টাইপ
extracted article উদ্ধৃত রচনা/রচনাংশ
extra-illustrated বাড়তি চিত্রসম্বলিত
~ ticket বাড়তি পরিচয়পত্র

F

facet (কোলন বর্গীকরণে) মুখ্যমূল ; মুখ
~ analysis মুখ্যমূল বিশ্লেষণ
faceted classification মূলসূত্রী বর্গীকরণ
facetiae সরস উক্তি/রচনা ; অশ্লীল রচনাবলী
facsimile অবিকল প্রতিরূপ
Fair Copying Declaration অবাধ প্রতিলিপিকরণ চুক্তি
false date ভুল প্রকাশ তারিখ
~ first edition ভুল প্রথম সংস্করণ
~ imprint ভুল মুদ্রণ-তথ্য
~ title সংক্ষিপ্ত আখ্যা
farce প্রহসন
Farmington Plan ফার্মিংটন পরিকল্পনা
fascicle, fascicule পৃথক্‌ভাবে ছাপা খণ্ডাংশ
festschrift স্মারক গ্রন্থ
fiction কথা সাহিত্য
fictitious imprint কাল্পনিক মুদ্রণ-তথ্য
file ফাইল : বিন্যস্ত সংগ্রহ ; দেরাজ ; নথি
filing কার্ড বিন্যাস ; দেরাজভুক্তি ; নথিভুক্তি
~ code বিন্যাসরীতি
~ word সংলেখের প্রথম শব্দ ; সংলেখ-শব্দ
film ফিল্ম : চলচ্চিত্র
~ edition,—issue ফিল্ম সংস্করণ
~ facsimile ফিল্মে তোলা প্রতিলিপি
~ library ফিল্ম গ্রন্থাগার
~ viewer ফিল্ম দেখার যন্ত্র
finding list সংক্ষিপ্ত তথ্য তালিকা
fine paper copy উৎকৃষ্ট কাগজে ছাপা বই
finishing (বাঁধাইয়ে) সমাপনী অলঙ্করণ ; মলাট অলঙ্করণ
first edition প্রথম সংস্করণ
~ indention (সূচী কার্ডের) প্রথম সীমা, লেখক সীমা
~ line index প্রথম-পঙ্‌ক্তির নির্ঘণ্ট
~ summary (বর্গীকরণে) প্রথম কল্প
~ word entry (আখ্যা সূচীতে) প্রথম শব্দ-সংলেখ
five predicables (বর্গীকরণে) পাঁচটি আরোপিত গুণ
fixed location (গ্রন্থের) অপরিবর্তনীয় অবস্থান, স্থায়ী অবস্থান
flag (পত্র-পত্রিকার) মালিকানা পরিচিতি, স্বত্বাধিকার বিবরণ
flap (মলাটাবরণের) মোড়া অংশ
flat back চ্যাপ্টা পুট
~ pull প্রাথমিক প্রুফ
fleuron ফুলসদৃশ অলঙ্কারযুক্ত বাঁধাই
flexibility নমনীয়তা ; সম্প্রসারণশীলতা
flexible binding নমনীয় বাঁধাই
~ classification সম্প্রসারণশীল বর্গীকরণ

~ notation সম্প্রসারণশীল বর্গচিহ্ন
~ sewing নমনীয় সেলাই
fly leaf (গ্রন্থের প্রথমে ও শেষে) ফাঁকা পৃষ্ঠা
~ title সংক্ষিপ্ত আখ্যা
folded/folding book (বড় কাগজে ছাপা) ভাঁজ-করা গ্রন্থ
folding plate (গ্রন্থের মধ্যে) ভাঁজ-করা ছবি
foldings কাগজের ভাঁজ
foliation পত্রাঙ্ক ; মোট পত্রের বিবরণ
folio এক ভাঁজের কাগজ ; চার পৃষ্ঠার কাগজ
follow copy লেখকের কপি দেখুন
~ -up notice (গ্রন্থ ফেরৎ দানের) পরবর্তী বিজ্ঞপ্তি : অনুস্মারক পত্র
foolscap ফুলস্কেপ মাপের কাগজ
font সম আকারের টাইপ-সেট
foot (পৃষ্ঠার) পাদদেশ ; পাদ
~ note পাদটীকা
fore edge (গ্রন্থের) সম্মুখ প্রান্ত, ডানপ্রান্ত
~ edge painting (গ্রন্থের) ডান প্রান্তের ছবি
foreword পূর্বলেখ, মুখবন্ধ, প্রস্তাবনা
forename ব্যক্তিগত নাম
~ entry (সূচীতে) ব্যক্তিগত নামে সংলেখ
form (বর্গীকরণে) প্রকার, রূপ
format ফর্মা ; পত্রগুচ্ছ। গ্রন্থের দৈহিক রূপ
form class (সাহিত্যের) রূপগত/আঙ্গিকগত বিভাগ
~ division প্রকার বিভাগ, দৃষ্টিকোণ-গত বিভাগ
~ entry রূপ সংলেখ ; প্রকার সংলেখ
~ heading রূপ/আঙ্গিক শিরোনাম ; প্রকার/দৃষ্টিকোণগত শিরোনাম
~ sub-heading আঙ্গিকগত/প্রকার গত উপ-শিরোনাম

~ of heading শিরোনাম-নির্দর্শ
fortnightly পাক্ষিক পত্রিকা
fount সম আকারের টাইপ-সেট
foxed বিবর্ণ, হরিদ্রাভ দাগযুক্ত
frame (মলাটের উপর) ফ্রেম অলঙ্কার
free access অবাধ প্রবেশাধিকার, অবারিত মঞ্চ
~ reading মুক্ত পাঠ, স্বেচ্ছাকৃত পাঠ
frequency (পত্রিকা প্রকাশের) সময়ান্তর, পৌনঃপুনিকতা
front edge (গ্রন্থের) সম্মুখ প্রান্ত, ডান প্রান্ত
frontispiece সম্মুখচিত্র, আখ্যাপত্রের পূর্বচিত্র
fugitive material,—matter ক্ষণস্থায়ী/স্বল্পস্থায়ী পাঠ্যবস্তু
full bound চামড়ার পূর্ণ বাঁধাই
~ cataloguing পূর্ণ সূচীকরণ
~ face মোটা হরফ
~ name (লেখকের) পূর্ণনাম
~ point পূর্ণ যতি
fundamental category (কোলন বর্গী-করণে) মূল শ্রেণীগত বৈশিষ্ট্য, মূলতত্ত্ব
furnish কাগজের উপাদান
furniture (ফাঁক পূরণার্থে) কাঠের/সীসার টুকরা

G

galley গ্যালি
~ proof গ্যালি প্রুফ
gathering বিন্যস্ত পত্রগুচ্ছ, ফর্মা
gauffered edges (গ্রন্থের) সোনালী ধার
gauge (ছাপাখানার) গেজ, মাপক
gazette গেজেট, সরকারী এস্তেহার, ঘোষপত্র
gazetteer ভৌগোলিক তথ্যকোষ
geneological table বংশ তালিকা, কুলজিনামা, কুরছিনামা

general cross reference (বর্ণানুক্রমিক সূচীতে) সাধারণ প্রতি-নির্দেশ ['দেখুন'/'আরো দেখুন' নির্দেশ]
generalia class সাধারণ বর্গ/শ্রেণী
general information reference সাধারণ তথ্য নির্দেশ
generalization সাধারণীকরণ
general reference (বর্ণানুক্রমিক সূচীতে) সাধারণ নির্দেশ
general secondary entry সাধারণ অপ্রধান/গৌণ সংলেখ
general title (একত্রে প্রকাশিত কয়েকটি পুস্তক/পুস্তিকার) সাধারণ আখ্যা
genus (বর্গীকরণে) পরাজাতি
geographical entry ভৌগোলিক সংলেখ
geographic division (বর্গীকরণে) ভৌগোলিক বিভাগ
~ number (বর্গীকরণে) ভৌগোলিক সংখ্যা
~ sub-division (বর্গীকরণে) ভৌগোলিক উপবিভাগ
~ filing method (সূচী-কার্ডের) ভৌগোলিক বিন্যাস রীতি
gilt edges (গ্রন্থের) সোনালী ধার
~ top (গ্রন্থের) সোনালী শীর্ষ
girdle book গলায়/কোমরে ঝুলন্ত ধর্মীয় গ্রন্থ
glassine স্বচ্ছ কাগজ
gloss পার্শ্ব টীকা ; পঙ্‌ক্তিমধ্যস্থ টীকা
glossary (গ্রন্থবিশেষের) শব্দপঞ্জি, শব্দকোষ
gluing up (গ্রন্থপুটে) আঠা-ব্যবহার পদ্ধতি
goatskin (বাঁধাইয়ে ব্যবহৃত) ছাগচর্ম
gold সোনালি রঙ
~ tooling (চামড়ার মলাটে) সোনালি অলঙ্করণ

২—

gothic type গথিক টাইপ [মোটা ও সাদামাটা টাইপ]
gouge index রন্ধ্র-নির্দেশিকা ; টিপসূচী
government library সরকারী গ্রন্থাগার
gramophone record library গ্রামোফোন রেকর্ড গ্রন্থাগার
grangerised (গ্রন্থে) বাড়তি সন্নিবেশ [ছবি কিংবা মুদ্রিত কোন বিষয়]
graph চিত্রলেখ, নকশা
gurantor (বহিরাগত বা অপরিচিত পাঠকের) জামিন, জামিনদার
guide book (ভ্রমণকারীর) নির্দেশ-গ্রন্থ ; পথ-পঞ্জি
~ card (সূচীতে) বিন্যাস-নির্দেশক কার্ড
~ slip প্রক্রিয়া-নির্দেশক পত্রী, গ্রন্থ-প্রস্তুতি পত্রী
guillotine কাগজ কাটার যন্ত্র
gutter margin (পৃষ্ঠার) সেলাই-সংলগ্ন উপান্ত/হাশিয়া

H

half leather আংশিক চামড়া-বাঁধাই
~ title অর্ধ-আখ্যা, সংক্ষিপ্ত আখ্যা
~ title page অর্ধ আখ্যাপৃষ্ঠা, সংক্ষিপ্ত আখ্যাপৃষ্ঠা
~ -tone block হাফটোন ব্লক
~ -tone paper হাফটোন কাগজ
hand made paper হাতে তৈরি কাগজ
hanging indention (সূচীকার্ডের) হ্যাঙ্গিং সীমা
head গ্রন্থশীর্ষ, পৃষ্ঠাশীর্ষ ; পুটের, মাথা
heading শিরোনাম, শীর্ষক
head line পৃষ্ঠাশীর্ষস্থ (ধারাবাহিক) শিরোনাম
~ -piece (পৃষ্ঠাশীর্ষে বা পরিচ্ছেদ সূচনায়) অলঙ্কৃত পঙ্‌ক্তি
~ title পৃষ্ঠাশীর্ষস্থ (ধারাবাহিক) আখ্যা

hectograph হেক্টোগ্রাফ [প্রতিলিপি তৈরির একটি পদ্ধতি]
hellbox বিনষ্ট টাইপ গলানো বাক্স
hierarchy (বর্গীকরণে) ক্রমনিম্ন স্তর-বিন্যাস, বর্গবিভাগ পরম্পরা
hieroglyphics চিত্রলিপি
hieronym ধর্মীয় কৌলিক নাম
hinge পুটসংলগ্ন করজা
historical initial জীবাকৃতি আদ্যক্ষর
~ bibliography ঐতিহাসিক গ্রন্থবিজ্ঞান
holdings (গ্রন্থাগারের) মোট সংগ্রহ, মোট মজুত
~ card (গ্রন্থ বা পত্রিকার) খণ্ড/সংখ্যা-নির্দেশক কার্ড
holograph লেখকের হাতে লেখা পাণ্ডুলিপি
home bindery (গ্রন্থাগারের) নিজস্ব বাঁধাইখানা
homonym (নানা বিষয়ক গ্রন্থাবলীর) সম আখ্যা, অভিন্ন আখ্যা
horizontal (গ্রন্থের) আনুভূমিক বিন্যাস
hospital library হাসপাতাল গ্রন্থাগার
house journal,—magazine (কোন প্রতিষ্ঠানের) নিজস্ব পত্রিকা
'House' papers সংসদের কাগজপত্র
humanistic hand মধ্যযুগের হস্তলিপি
hydrographic chart উপকূল ও পোতাশ্রয়ের চিত্র/মানচিত্র
hygrometer আর্দ্রতামাপক যন্ত্র

I

ibid (ibidem-এর সংক্ষেপ) পূর্বোক্ত, প্রাগুক্ত
iconography মূর্তিশিল্প ; মূর্তিসম্পর্কিত বিদ্যা ; চিত্রশিল্প
ideal notation আদর্শ বর্গ চিহ্ন
identification card (পাঠকের) পরিচয়-পত্র
~ slip (ফিল্মের) পরিচয়-পত্রী
ideograph ভাবলেখ। নিদর্শন লিপি। ব্যক্তিগত চিহ্ন
i.e. (Latin 'id est'-এর সংক্ষেপ) অর্থাৎ
I.F.L.A. (=International Federation of Library Association) ইফলা
I.L.A. (=Indian Library Association) ভা.গ্র.স. (=ভারতীয় গ্রন্থাগার সমিতি)
illuminated হস্তালঙ্কৃত (গ্রন্থ)
~ initial হস্তালঙ্কৃত আদ্যক্ষর
illumination (আদ্যক্ষর) অলঙ্করণ
illuminator অলঙ্কর্তা, হস্তালঙ্কর্তা
illus. (illustration-এর সংক্ষেপ) চিত্র
illustration (পাঠ্যবস্তুর বর্ণনামূলক) চিত্র
illustrator চিত্রকর
~ entry চিত্রকর সংলেখ
image প্রতিবিম্ব
imbrication অধিক্রমিত ছবি স্থাপন [এক ছবির উপর অন্য ছবির অলঙ্করণ]
imposition পৃষ্ঠাসংখ্যানুযায়ী টাইপ বিন্যাস
impression একদফায় মুদ্রণ ; এক দফার মুদ্রণসংখ্যা
imprimatur ছাপার অনুমতি
imprint (সূচীতে) প্রকাশন-তথ্য ; মুদ্রণাঙ্ক, মুদ্রণ-লেখ
imprint, binding (গ্রন্থপুটে মুদ্রিত) মালিকের/প্রকাশকের/বাঁধাইকরের নাম
~ date প্রকাশ সাল, প্রকাশ তারিখ
incipit (=here begins) এখানে শুরু, অথারম্ভ
Incunabula ইনকুনাবুলা [পনেরো শতকের পূর্বেকার ছাপা বই]
incut note পার্শ্ব টীকা
indent (অনুচ্ছেদ সূচনায়) ফাঁকা স্থান

indention (সূচীতে বিভিন্ন সংলেখ লেখার) সীমা, সূচনা রেখা, প্রান্তরেখা
index নির্ঘণ্ট, নির্দেশিকা, অনুক্রমণী
indexing নির্ঘণ্ট প্রণয়ন, অনুক্রমণ
Index Purgatorium নিষিদ্ধ গ্রন্থ-তালিকা
~ Translationum (ইউনেস্কো প্রকাশিত) অনুবাদসূচী
Indiana ভারত বিষয়ক
Indian Library Association ভারতীয় গ্রন্থাগার সমিতি
indicator (গ্রন্থের) অবস্থান নির্দেশক
~ digit (বর্গীকরণে) চরিত্র পরিবর্তক চিহ্ন
indirect subdivision (বর্গীকরণে) পরোক্ষ উপবিভাগ
individual entry ব্যক্তি/স্থানের নামে সংলেখ
industrial library শিল্প গ্রন্থাগার
inedita অপ্রকাশিত গ্রন্থ
inferior figure অধোবর্তী ক্ষুদ্র সংখ্যা [যেমন কুল$_১$, কুল$_২$]
infima species (বর্গীকরণে) অপরা-জাতির সঙ্কীর্ণতম বিভাগ
information desk তথ্য সরবরাহ টেবিল
~ file তথ্য-ফাইল
~ retrieval method তথ্যানু-সন্ধান/তথ্যোদ্ধার প্রণালী
ingrain (আবরণে ব্যবহৃত) অমসৃণ কাগজ
initial letter অলঙ্কৃত আদ্যক্ষর
~ number বর্গসূচক আদি সংখ্যা
inlaid সন্নিবিষ্ট চিত্র। স্থাপিত অলঙ্কার
inlay (মলাটে) চিত্র সন্নিবেশ। মলাট অলঙ্করণ
inner characteristics (গ্রন্থের) অন্ত-র্বৈশিষ্ট্য
~ form (বর্গীকরণে প্রকার বিভা-গের) অন্তর্চরিত্র
~ forme অন্তর্পৃষ্ঠার টাইপ
~ form of catalogue সূচীর অন্ত-র্গঠন
~ indention (সূচীকার্ডে) অন্তর্সীমা, দ্বিতীয় সীমা ; (রচনাদির) অনুচ্ছেদ সীমা
~ margin (পৃষ্ঠার) অন্তঃউপান্ত, বাঁধাই-সংলগ্ন উপান্ত
in press যন্ত্রস্থ, মুদ্রিত হচ্ছে
~ print প্রাপ্তব্য, লভ্য
~ progress প্রকাশের পথে, প্রকাশিত হচ্ছে
~ quires,—sheets,—signa-tures অবাঁধা বই
insert/insertion সন্নিবেশ, সংযুক্তি
in-service training চাকরিকালীন প্রশিক্ষণ, হাতে-কলমে প্রশিক্ষণ
Inset (বড় ছবির সঙ্গে ছোট ছবির) অন্তর্ভুক্তি ; সন্নিবিষ্ট চিত্র, ইনসেট
inside margin (পৃষ্ঠার) অন্তঃউপান্ত, বাঁধাই-সংলগ্ন উপান্ত
institutiona llibrary প্রাতিষ্ঠানিক গ্রন্থাগার
intaglio printing খোদাই ব্লকের মুদ্রণ
integer notation অখণ্ড বর্গসংখ্যা/বর্গচিহ্ন
integration (বর্গীকরণে) অখণ্ড/পূর্ণ সংখ্যা গঠন
intercalation (বর্গীকরণে) নতুন বিষয়-শিরোনাম সন্নিবেশ
interleaving (গ্রন্থমধ্যে) কাগজ সন্নিবেশ
inter-library co-operation আন্তঃ-গ্রন্থাগার সহযোগিতা
~ ~ loan আন্তঃগ্রন্থাগার ঋণ, আন্তঃগ্রন্থাগার পুস্তক সরবরাহ
interlinear পঙ্ক্তি মধ্যস্থ টীকা/অনুবাদ
intermediate department কিশোর বিভাগ/সংগ্রহ

intern প্রশিক্ষিত গ্রন্থাগারিক
International Conference on Cataloguing principles সূচীকরণ সূত্রের আন্তর্জাতিক সম্মেলন
International Copyright Act আন্তর্জাতিক কপিরাইট আইন
~ Federation of Documentation আন্তর্জাতিক দলিল-প্রক্রিয়াকরণ সঙ্ঘ
~ ~ of Library Association গ্রন্থাগার সমিতির আন্তর্জাতিক সঙ্ঘ
interpolated note (সূচীতে) প্রক্ষিপ্ত টীকা
in the trade প্রকাশক/বিক্রেতার কাছে লভ্য
introduction ভূমিকা ; গ্রন্থ-পরিচিতি
~ date ভূমিকার তারিখ
inventory মজুত গ্রন্থের হিসাব, মজুত যাচাই
inverted books উল্টো বাঁধাই জোড়া গ্রন্থ
~ entry পক্ষান্তরিত সংলেখ
~ heading পক্ষান্তরিত শিরোনাম
~ title পক্ষান্তরিত আখ্যা
island stack দেয়ালান্তর গ্রন্থমঞ্চ
isolate (কোলন বর্গীকরণে) স্বতন্ত্র বর্গ
issue নির্গমন, প্রদান, সরবরাহ ; নির্গত গ্রন্থসংখ্যা
issued নির্গত, প্রদত্ত, সরবরাহকৃত
issue desk সরবরাহ টেবিল
~ number (সাময়িক পত্রাদির) প্রকাশ-সংখ্যা
~ register নির্গমন-নিবন্ধ, সরবরাহ-খাতা
issuing branch নির্গমন শাখা
~ department নির্গমন বিভাগ
italic বাঁকা/হেলানো হরফ

J

jacket (গ্রন্থের) বহিরাবরণ
Japanese paper (প্রুফ তোলার) জাপানী কাগজ
Japanese tissue জাপানী টিসু কাগজ
job press (খুচরা কাজের জন্য) ক্ষুদ্র ছাপাখানা
~ printer খুচরা কাজের মুদ্রাকর
~ printing খুচরা মুদ্রণ
joined hand টানা লেখা
joint (মলাট ও পুট মধ্যবর্তী) কব্জা। উভয় দিকের মলাট
~ author যুগ্ম লেখক, যুক্ত গ্রন্থকার
~ authorship যৌথ রচনাকর্ম
~ catalogue (একাধিক গ্রন্থাগারের) যৌথ সূচী
Joint Code যৌথ সূচীকরণ বিধি
joint editor যুগ্ম সম্পাদক
journal পত্রিকা, সংবাদপত্র
journalism সাংবাদিকতা
junior book শিশুতোষ গ্রন্থ
~ librarian অবর/কনিষ্ঠ গ্রন্থাগারিক
~ library ছোটদের গ্রন্থাগার
juvenile কিশোরোপযোগী ; কিশোর-গ্রন্থ
~ department (গ্রন্থাগারে) কিশোর বিভাগ
~ library কিশোর গ্রন্থাগার
~ literature কিশোর সাহিত্য

K

keep in (টাইপের) ঘন বিন্যাস
~ out (টাইপের) ফাঁক ফাঁক বিন্যাস
kept book সংরক্ষিত গ্রন্থ
key word সূত্র-নির্দেশক শব্দ ; মূল শব্দ
killing টাইপের গাথনি ভাঙা
knowledge classification জ্ঞান বর্গীকরণ (=গ্রন্থ বর্গীকরণ)
kraft paper শক্ত বাদামী কাগজ

L

L.A. (Library Association, British-এর সংক্ষেপ) ব্রি.গ্র.স. [=ব্রিটিশ গ্রন্থাগার সমিতি]
label লেবেল, ফলক
~ holder লেবেল ধারক, ফলকাধার
laboratory collection গবেষণাগার সংগ্রহ
lacuna (গ্রন্থ সংগ্রহে) ফাঁক
lamination (পুরনো জীর্ণ কাগজ রক্ষার্থে) স্তরায়ন, পরত্বন্দী
lampblack কাজল, ভুসাজাত কালি
language number (বর্গীকরণে) ভাষা সংখ্যা
~ division (বর্গীকরণে) ভাষা বিভাগ
~ subdivision (বর্গীকরণে) ভাষা উপবিভাগ
large paper copy,—edition বড় কাগজের সংস্করণ
L.A. Rule ব্রি.গ্র.স. (সূচীকরণ) বিধি
layout মুদ্রণ-পরিকল্পনা, সজ্জা-পরিকল্পনা
lead সীসার টুকরা
leader (পত্রিকার) সম্পাদকীয়; নিজস্ব মতামত
leaderette অনু-সম্পাদকীয়
leaders বিন্দু চিহ্ন। ড্যাশ চিহ্ন
leader writer সম্পাদকীয় লেখক
leading line (সূচীকার্ডের) প্রথম রেখা, লেখক সীমা
leaf (গ্রন্থের) পাতা
leaflet চটি পুস্তিকা; প্রচারপত্র
leather bound চামড়ার বাঁধাই
leatherette চর্মসদৃশ কাগজ/বস্ত্র
leacture series বক্তৃতামালা
ledger charging লেনদেনের হিসাব বহি/খতিয়ান
legal deposit (কপিরাইট গ্রন্থাগারে) বৈধ জমা
legend (ছবি বা খোদাইয়ের নীচে) উৎকীর্ণ লিপি। কিংবদন্তী
lending desk সরবরাহ টেবিল
letter by letter বর্ণানুক্রমিক
~ ~ filing বর্ণানুক্রমিক বিন্যাস
lettering (মলাটের উপর) অক্ষর চিত্রণ/অলঙ্করণ
~ piece (মলাটস্থ) নাম ফলক
letterpress চিত্রহীন পাঠ্যবস্তু; উঁচু টাইপে/ব্লকে ছাপা
level of cataloguing সূচীকরণের মান
libellous publications কুৎসাপূর্ণ রচনা, মানহানিকর প্রকাশনা
librarian গ্রন্থাগারিক
librarii প্রাচীন লিপিকর; পুথি লিপিকর
libraianship গ্রন্থাগারিকতা, গ্রন্থাগার-পেশা
library গ্রন্থাগার। গ্রন্থসংগ্রহ
~ administration গ্রন্থাগার প্রশাসন/পরিচালনা
~ association গ্রন্থাগার সমিতি
Library Association, British ব্রিটিশ গ্রন্থাগার সমিতি
library authorities গ্রন্থাগার কর্তৃপক্ষ
~ binding গ্রন্থাগারোপযোগী বাঁধাই, মজবুত বাঁধাই
~ board গ্রন্থাগার পর্ষদ্
~ card গ্রন্থাগার কার্ড
~ cess গ্রন্থাগার কর
~ commission গ্রন্থাগার আয়োগ/কমিশন
~ committee গ্রন্থাগার কমিটি
~ co-operation গ্রন্থাগার সহযোগিতা
~ edition (বিশেষ) গ্রন্থাগার সংস্করণ
~ extension গ্রন্থাগার সম্প্রসারণ
"Library has" "গ্রন্থাগারে আছে"
library hour গ্রন্থাগারের সময়সূচী
~ instruction গ্রন্থাগার ব্যবহারবিধি শিক্ষা

~ law গ্রন্থাগার বিধি
~ literature গ্রন্থাগার-সাহিত্য, গ্রন্থাগার-বিষয়ক রচনাবলী
Library of Congess card লাইব্রেরী অব কংগ্রেস কার্ড
~ of Congress Classification লাইব্রেরী অব কংগ্রেস বর্গীকরণ (পরিকল্প)
library organisation গ্রন্থাগার সংগঠন
~ pass গ্রন্থাগার পাস ; গ্রন্থাগার প্রবেশপত্র
~ period গ্রন্থাগারের সময়সূচী
~ permit গ্রন্থাগার ব্যবহারের অনুমতিপত্র
~ planning গ্রন্থাগার পরিকল্পনা
~ publication গ্রন্থাগার প্রকাশনা
~ school গ্রন্থাগার বিজ্ঞান শিক্ষালয়
~ science গ্রন্থাগার বিজ্ঞান
~ ticket গ্রন্থাগার প্রবেশপত্র
~ trustees গ্রন্থাগার অছি-পর্ষদ্
libretto যাত্রাগানের বই ; অপেরার বাচনাংশ
ligature যুক্তাক্ষর ; যুক্তাক্ষরের টাইপ
lilliput edition (গ্রন্থের) অতি ক্ষুদ্রাকার সংস্করণ
limitation notice মুদ্রণসংখ্যার বিজ্ঞপ্তি
limited edition সীমিত সংস্করণ
limp binding নমনীয় বাঁধাই
~ covers নরম মলাট ; (কেবল) চামড়ার/কাপড়ের মলাট
line block রেখা-ব্লক, লাইন-ব্লক
~ division mark পঙ্‌ক্তি বিভাজক চিহ্ন/রেখা
~ drawing রেখাচিত্র
linguistic number ভাষাগত বর্গসংখ্যা
lining paper মলাট-অাঁটা সাদা কাগজ
linked books পরস্পর সম্বন্ধযুক্ত গ্রন্থসমূহ
linotype লাইনোটাইপ
list of additions সংযোজন তালিকা
~ ~ illustrations চিত্রসূচী
literal mnemonics (বর্গীকরণে) আক্ষরিক স্মৃতিচিহ্ন
literature search (বিষয় বিশেষের) রচনা-সন্ধান
lithography লিথোগ্রাফি ; শিলা থেকে মুদ্রণ
litho paper লিথো-মুদ্রণ কাগজ
lithoprint লিথোমুদ্রণ
loan department নির্গমন/সরবরাহ বিভাগ
~ desk নির্গমন/সরবরাহ টেবিল
~ method,—system নির্গমন/সরবরাহ পদ্ধতি
local collection স্থানিক সংগ্রহ
~ history collections স্থানীয় ইতিহাস সংগ্রহ
~ public library স্থানীয় গণ-গ্রন্থাগার
~ sub division (বর্গীকরণে) স্থানিক উপবিভাগ ; ভৌগোলিক উপবিভাগ
location mark (গ্রন্থের) অবস্থান-চিহ্ন
~ symbol (যৌথ সূচীতে) গ্রন্থের অবস্থান প্রতীক
lost book খোয়া গ্রন্থ, হারানো গ্রন্থ
lower case letters ছোটহাতের অক্ষর
loxodrome প্রাচীন সামুদ্রিক মানচিত্র

M

M (symbol of Roman numeral) ১০০০
machine finished paper যন্ত্রে মসৃণ-করা কাগজ
~ proof মেশিন প্রুফ
~ revise মেশিন প্রুফ সংশোধন
mackle অস্পষ্ট ছাপা
magazine পত্রিকা
~ case পত্রিকাধার

~ rack পত্রিকার তাক
~ room পত্রিকা কক্ষ
main card মূল সূচীকার্ড, লেখক কার্ড
~ class (বর্গীকরণে) মুখ্য/প্রধান বর্গ
~ entry মূল সংলেখ, লেখক সংলেখ
~ heading মূল/প্রধান শিরোনাম
~ library মূল/প্রধান গ্রন্থাগার; কেন্দ্রীয় গ্রন্থাগার
~ outline (বর্গীকরণে) মূল পরিলেখ
~ subject hading মুখ্য বিষয় শিরোনাম
~ title মূল/প্রধান আখ্যা
majuscule (ইংরেজী) বড় হাতের অক্ষর
